ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর,ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/একা-৩৯/কা.ভর্তি/২০১৭/০০০৯৯৬ তারিখঃ ২২ মাঘ ১৪৩২ বাং / ৫ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিঃ

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত কামিল স্নাতকোত্তর প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত মাদরাসাসমূহের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা নিম্নোল্লিখিত ভর্তির যোগ্যতার নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে।

**১। ভর্তির যোগ্যতা :**

(ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল স্নাতক (পাস) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা- ২০২৩ ও ২০২৪- এ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তি হতে পারবে।

(খ) ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি ডিগ্রি অর্জনকারী একজন ছাত্র-ছাত্রী পরবর্তীতে নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তি হতে পারবে।

(গ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি চূড়ান্ত পরীক্ষা-২০২২ ও ২০২৩ এ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে অন্য যে কোনো বিষয়ে নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ১ম পর্বে ভর্তি হতে পারবে।

**২। ভর্তি কার্যক্রম সম্পন্নের নিমিত্তে গঠিত কমিটি :**

প্রতিটি মাদরাসায় নিম্নরূপে গঠিত একটি কমিটি ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেঃ

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি<br>গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক (সহকারী অধ্যাপকের নীচে নয়)। | সদস্য |
| ৩ | সহকারী অধ্যাপক/সমপর্যায়ের একজন শিক্ষক (অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |

**৩। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ**

(ক) বিলম্ব ফি' ছাড়া সংশ্লিষ্ট মাদরাসায় ভর্তিঃ ০৮.০২.২০২৬ খ্রি.হতে ২৯.০৩.২০২৬ খ্রি.।

(খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হতে আদায়কৃত ফি' ৩০.০৩.২০২৬ খ্রি. হতে ০২.০৪.২০২৬ এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে পেমেন্ট স্লিপ ডাউনলোডপূর্বক পেমেন্ট স্লিপে উল্লেখিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখায় জমা প্রদান করতে হবে।

(গ) বিলম্ব ফি' সহ ভর্তি : ৩০.০৩.২০২৬ খ্রি. হতে ০৬.০৪.২০২৬ খ্রি.।

(ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হতে আদায়কৃত ফি' ০৭.০৪.২০২৬ খ্রি. হতে ০৮.০৪.২০২৬খ্রি. এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে পেমেন্ট স্লিপ ডাউনলোডপূর্বক পেমেন্ট স্লিপে উল্লেখিত তারিখের মধ্যে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখায় জমা প্রদান করতে হবে।

(ঙ) অনলাইন রেজিস্ট্রেশনঃ ভর্তিকৃত শিক্ষার্থীদের ০৯.০৪.২০২৬ খ্রি. হতে ১৯.০৪.২০২৬ খ্রি. এর মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে ২০.০৪.২০২৬ খ্রি. হতে ২১.০৪.২০২৬ খ্রি. এর মধ্যে **Final Submit** দিতে হবে।

৪। সাধারণ শর্তাবলী :

(ক) ফাজিল স্নাতক (পাস ও অনার্স) এবং কামিল স্নাতকোত্তর (১ ও ২ বছর মেয়াদী) পরীক্ষার পাশের নম্বরপত্র ও অধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। তবে ফাজিল স্নাতক (পাস) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০২৪ এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অনলাইন নম্বরপত্র (সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) কপি দিয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তি করা যাবে। পরবর্তীতে যখন উক্ত পরীক্ষার পাসের নম্বরপত্র পাওয়া যাবে তা সংশ্লিষ্ট মাদরাসাকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

(খ) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে ছাত্র-ছাত্রীদের ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা নিতে হবে যে, **"আমি ভালভাবে বুঝে শুনেই এই মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এই মাদরাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না"।**

(গ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) রঙিন ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

৫। (ক) কামিল স্নাতকোত্তর শ্রেণির ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি'-এর হার (শিক্ষার্থী প্রতি):

| নির্ধারিত সময় | আবেদন ফি' | রেজিঃ ফি' | ভর্তি ফি' | বিশ্ব আরবি ভাষা দিবস উদযাপন ফি | ক্রীড়া ও সংস্কৃতি ফি' | রোভার স্কাউটস ফি | বি.এন.সি.সি ফি | বিলম্ব ফি' |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিলম্ব ফি' ছাড়া | ৪০০/- | ৬০০/- | ৪০০/- | ৫০/- | ৫০/- | ২০/- | ১০/- | প্রযোজ্য নয় |
| বিলম্ব ফি' সহ | ৪০০/- | ৬০০/- | ৪০০/- | ৫০/- | ৫০/- | ২০/- | ১০/- | ১৫০/- |

(খ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত ফি' হতে আবেদন ফি' বাবদ ২৫০/(দুইশত পঞ্চাশ) টাকা এবং ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি', ক্রীড়া ফি' ও বিশ্ব আরবি ভাষা দিবস উদযাপন ফি বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' বাবদ {প্রতি ছাত্র-ছাত্রীর বিলম্ব ফি' ছাড়া ১১৩০/- (এগারোশত ত্রিশ) টাকা এবং বিলম্ব ফি' সহ ১২৮০/- (বারোশত আশি) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে **"অগ্রণী ব্যাংক লিঃ"** এর যে কোন শাখায় জমা প্রদান করবে **(এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)।**

(গ) ফি-জমা দেয়ার নিয়মাবলী :

প্রথম ধাপ : **iau.edu.bd/Payment** তে প্রবেশ করুন।

দ্বিতীয় ধাপ : **EIIN ও Password দিয়ে Login** করুন।

তৃতীয় ধাপ : **Admission & Registration Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করুন।

চতুর্থ ধাপ : **Payslip Download করে ব্যাংকে টাকা জমা দিন।**
(**Payslip Download** করতে কোন সমস্যা হলে ০১৭১৮৯৫৫৫৯৬ নাম্বারে যোগাযোগ করুন)

৬। **অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে ফি' জমার রশিদ ও eSIF লিস্ট সহ আনুষাঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া সংক্রান্ত তথ্যঃ** সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন সম্পন্নের পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে **Payslip** এর মূল রশিদ ও ২

কপি eSIF লিস্টসহ আনুষঙ্গিক কাগজপত্র সরাসরি/ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৭। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২বছর মেয়াদি শ্রেণিতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ০১.০৪.২০২৬ তারিখ থেকে শুরু হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

22/02/26

(মো: আইউব হোসেন)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ঢাকা।

স্মারক নং-ইআবি/একা-৩৯/কা.ভর্তি/২০১৭/০০০৯৯৬ (৭)

তারিখঃ ২২ মাঘ ১৪৩২ বাং / ৫ ফেব্রুয়ারী ২০২৬ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা ( ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৩. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৪. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন), ইআবি, ঢাকা।
৬. প্রোগ্রামার, আই.সি.টি শাখা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. অফিস কপি।


যোগাযোগের জন্য
০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (আই.সি.টি শাখা)
০১৭১৮-৯৫৫৫৯৬ (অর্থ ও হিসাব দপ্তর)


05/02/2026

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়